



সংস্কার প্রক্রিয়ায় বিএনপির ভূমিকা প্রশ্নবিদ্ধ: নাহিদ ইসলাম



জাতীয় সংসদের বিরোধীদলীয় ছইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। ছবি : সংগৃহীত

সংস্কার ইস্যুতে বিএনপির অবস্থান নিয়ে সমালোচনা করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় ছইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। তার দাবি, সংস্কার কার্যক্রমে বিএনপির কোনো দৃঢ় অঙ্গীকার ছিল না।

বৃহস্পতিবার (৭ মে) চট্টগ্রাম প্রেস ক্লাবের জুলাই বিপ্লব স্মৃতি হলে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, সংস্কারের প্রশ্নে এনসিপি শুধু সংসদের ভেতরে সীমাবদ্ধ থাকবে না, প্রয়োজনে সংসদের বাইরেও আন্দোলন গড়ে তুলবে।

অনুষ্ঠানে এনসিপির দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসানত আবদুল্লাহ বলেন, বর্তমানে দলের ভেতরে নতুন উদ্দীপনা তৈরি হয়েছে, যা তিনি রাজনৈতিকভাবে 'বসন্তকাল' হিসেবে উল্লেখ করেন। তার মতে, বিএনপি ক্ষমতায় গিয়ে সংস্কারবিরোধী অবস্থান নিয়েছে এবং আওয়ামী লীগের প্রভাবে তারা নিজেদের অবস্থান হারিয়েছে।

তিনি আরও অভিযোগ করেন, বিএনপি তাদের অতীত অবস্থান থেকে সরে এসেছে এবং নেতাকর্মীদের ওপর হওয়া নির্যাতনের বিষয়গুলোও তারা এখন আর মনে রাখছে না।

অনুষ্ঠানে বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা এবং জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কর্মীরা উপস্থিত ছিলেন।